মেহেরপুরে এসএসসি-তে জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সম্মাননা প্রদান

মেহেরপুর স্টুডেন্ট ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশনের উদ্যোগে এসএসসি-তে জিপিএ ৫ প্রাপ্ত ও উচ্চ শিক্ষার ক্ষেত্রে কৃতিত্ব শিক্ষার্থী এবং বিশেষ কৃতিত্ব অর্জনকারীকে সম্মাননা প্রদানের আয়োজন করা হয়।

সকালে মেহেরপুর শহীদ শামসুজ্জোহা পার্কে সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গোপালগঞ্জ কাজী জহুরুল হক কলেজের সমাজ বিজ্ঞানের প্রভাষক মোঃ এনামুল হকের সভাপতিত্বে কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি বিভাগের সাব্বির হোসেন এবং কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের আয়েশা বিনতে রাশেদ তিথির সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ রফিকুল ইসলাম।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মোহাম্মদ মনিরুল ইসলাম, মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মোঃ মাহফুজুল হোসেন, ছহিউদ্দিন ডিগ্রী কলেজের অধ্যক্ষ মোঃ একরামুল আজিম সহ মেহেরপুর জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের এসএসসি-তে জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং তাদের অভিভাবকরা উপস্থিত ছিলেন।

নিখোঁজ সংবাদ

মো: সবুজ আলী, পিতা মো: বাদল হোসেন, গ্রাম শ্যামপুর, মেহেরপুর সদর উপজেলা, মেহেরপুর।

গত ১৮ ডিসেম্বর ভ্যানযোগে নিজ বাড়ি থেকে গাংনীর উদ্দেশ্যে বের হয় কিন্তু আর ফেরেনি। বিভিন্ন যায়গায় খোঁজাখুজি করে পাওয়া যায়নি। মেহেরপুর সদর থানায় জিডি করা হয়েছে। গাংনী র্যাব কাম্পেও অভিযোগ করা হয়েছে। যদি কেউ সন্ধান পেয়ে থাকেন তবে যোগাযোগ করুন। মো: বাদল হোসেন, ০১৭৪২-৮২৭১৬১ ।

মেহেরপুর থিয়েটারের রজতজয়ন্তী ও নতুন কমিটি ঘোষণা

মেহেরপুর থিয়েটারের গৌরবের ২৫ বছর পূর্তিতে রজত জয়ন্তী উপলক্ষে সাধারণ সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গতকাল শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর থিয়েটারের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ রফিকুল ইসলাম।

এ সময় মেহেরপুর থিয়েটারের গৌরবের ২৫ বছর পূর্তিতে রজত জয়ন্তী উপলক্ষে ২১ সদস্য বিশিষ্ট নতুন কমিটির ঘোষণা করা হয়।

মেহেরপুর থিয়েটারের সভাপতি হিসেবে প্রফেসর হাসানুজ্জামান মালেক, সহ-সভাপতি পল্লব ভট্টাচার্য, সহ-সভাপতি হিসেবে আলী রেজা বিচু, সহ-সভাপতি আনোয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ সাইদুর রহমান, যুগ্ম-সাধারণ সম্পাদক মোঃ মিনারুল ইসলাম, যুগ্ম-সাধারণ সম্পাদক সুলতানা রাজিয়া, সাংগঠনিক সম্পাদক জাহিদ হাসান রাজিব, অর্থ সম্পাদক মাহবুবুর রহমান বাবু, দপ্তর সম্পাদক জাহিদুল হক কাবরান,

সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক ফৌজিয়া আফরোজ তুলি, নাট্য সম্পাদক মহিদুল ইসলাম, সংগীত বিষয়ক সম্পাদক এম সাইদুর রহমান, নিত্য বিষয়ক সম্পাদক সাব্বির হোসেন সোহাগ, প্রচার ও প্রকাশনা সম্পাদক মিনা পারভীন, কার্যনির্বাহী সদস্য আবুল হাসনাত দিপু, কার্যনির্বাহী সদস্য জানে আলম, কার্যনির্বাহী সদস্য মকলেচুর রহমান খোকন, কার্যনির্বাহী সদস্য আব্দুল মান্নান, কার্যনির্বাহী সদস্য আসাবুল ইসলাম কার্যনির্বাহী সদস্য রোকসনা আরার নাম ঘোষণা করা হয় এবং তাদের ফুলের মালা দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

এরপর মোমবাতির প্রজ্জলন ও কেক কেটে মেহেরপুর থিয়েটারের গৌরবের ২৫ বছর পূর্তি উদযাপন করা হয়।

মেহেরপুরে অনবাদি পতিত জমিতে সরিষার হাসি কৃষক এখন বেজায় খুশী

জনসংখ্যার খাদ্য চাহিদা পূরণের লক্ষ্যে কৃষি উৎপাদন বৃদ্ধি ও জীবন যাত্রার মান উন্নয়ন এবং তেলের এই ঘাটতি পূরণের জন্য দেশে যুগোপযোগী কর্মসূচী গ্রহনের মাধ্যমে আধুনিক প্রযুক্তিতে উন্নত জাতের তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি কল্পে বিএডিসি’র পক্ষ থেকে কৃষকদের উদ্বুদ্ধকরনসহ বিভিন্ন কার্যক্রম হাতে নিয়েছে মেহেরপুর আমঝুপি বিএডিসি।

বিএডিসি’র ডাল ও তেল বীজ বিভাগের প্রধান যুগ্মপরিচালক কৃষিবিদ একেএম নূরুল ইসলাম অনুপ্রেরণায় ও গঠনমূলক কর্মসূচী গ্রহণের ফলে গত ২০২১-২২ বর্ষে শুধুমাত্র মেহেরপুরে ১৮৭ হেক্টরে খামার ও চুক্তিবদ্ধ চাষিদের জমিতে ১৯৭ মে.টন তেল জাতীয় ফসল বীজ, যার মধ্যে ৯২ হেক্টর সরিষা থেকে ১০০.০১ মে.টন বীজ উৎপাদন করা হয়।

চলতি ২০২২-২৩ বর্ষে ৩১৫ হেক্টর জমিতে ৩৬৭ মে.টন বীজ উৎপাদনের মধ্যে সরিষাতে ১৪৬ হেক্টরে ১৬১ মে.টন যা গত বছরের তুলনায় সরিষাতেই শতকরা ১৬১ ভাগ বেশী উৎপাদন হয়।

В 2023 году Минфин России предложил ввести для IT-компаний льготный налоговый режим, который позволит снизить ставку налога на прибыль с 20 до 3%. Для получения льготы компания должна соответствовать ряду критериев, среди которых доля российских разработчиков в штате не менее 90%, а также доля выручки от российских клиентов не менее 90%. Кроме того, компания должна быть включена в реестр аккредитованных IT-компаний.

В 2024 году Минфин России предложил ввести для IT-компаний льготный налоговый режим, который позволит снизить ставку налога на прибыль с 20 до 3%. Для получения льготы компания должна соответствовать ряду критериев, среди которых доля российских разработчиков в штате не менее 90%, а также доля выручки от российских клиентов не менее 90%. Кроме того, компания должна быть включена в реестр аккредитованных IT-компаний.

Предложение Минфина России вызвало неоднозначную реакцию. Часть экспертов считает, что данная мера позволит стимулировать развитие IT-отрасли в России, другие – что она приведет к оттоку специалистов за границу и снижению налоговых поступлений в бюджет.

Минфин предложил льготный налоговый режим для IT-компаний

Предложение Минфина России вызвало неоднозначную реакцию. Часть экспертов считает, что данная мера позволит стимулировать развитие IT-отрасли в России, другие – что она приведет к оттоку специалистов за границу и снижению налоговых поступлений в бюджет.

Предложение Минфина России вызвало неоднозначную реакцию. Часть экспертов считает, что данная мера позволит стимулировать развитие IT-отрасли в России, другие – что она приведет к оттоку специалистов за границу и снижению налоговых поступлений в бюджет.

মোট পরীক্ষার্থীর মধ্যে মেহেরপুর সদর উপজেলায় ৮০৪ জন।এর মধ্যে ছাত্র ২৯৪ জন এবং ছাত্রী ৫১০ জন। অনুপস্থিত ৯ জন পরীক্ষার্থী।

গাংনী উপজেলায় পরীক্ষার্থীর সংখ্যা ১ হাজার ৫৩ জন। এর মধ্যে ছাত্র ৩৫০ এবং ছাত্রী ৭০৩ জন। অনুপস্থিত ছাত্র এবং ছাত্রী ৬ জন।

মুজিবনগর উপজেলা থেকে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩২৮ জন। এর মধ্যে ছাত্র ১১০ জন এবং ছাত্রী ২১৮ জন। অনুপস্থিত ২ জন।

এদিকে প্রাথমিক বৃত্তি পরীক্ষা চলাকালীন সময়ে মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান মেহেরপুর সরকারী বালিকা উচ্চ বালিকা বিদ্যালয় কেন্দ্র সহ বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন। এসময় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভ’পেষ রঞ্জন রায় , সদও উপজেলা প্রাথমিক শিক্সঅ অফিসার আপিলউদ্দীন উপস্থিত ছিলেন।

গাংনীতে বাস চাপায় শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার বাঁশবাড়িয়াতে যাত্রীবাহি লোকাল বাসের চাকায় পিষ্ট হয়ে ফরিয়া (৯) নামের এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

শুক্রবার সন্ধ্যা সাড়ে ৫ টার সময় এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। এসময় বাস চালক পালিয়ে গেলেও বাসটি আটক করেছে স্থানীয়রা। নিহত ফারিহা বাঁশবাড়িয়া গ্রামের পশ্চিমপাড়ার দিনমজুর ইকবাল হোসেনের মেয়ে এবং আমঝুপি দারুসুন্নাহ মাদ্রাসার দ্বিতীয় শ্রেনীর ছাত্রী।

স্থানীয়রা জানান, ফারিহাকে নিয়ে তার মা কাজলি খাতুন লেখাপড়ার সুবাদে বাবার বাড়ি আমঝুপিতে থাকতো। দিন দশেক আগে সেখান থেকে বাঁশবাড়িয়াতে বেড়াতে আসে। ঘটনার সময় সন্ধ্যা সাড়ে ৫ টার সময় বাড়ির পাশে এক প্রতিবেশীর বাড়ি থেকে বাড়ি ফেরার সময় রাস্তা পার হতে যায় শিশু ফারিয়া। এসময় মেহেরপুর থেকে ছেড়ে আসা কুষ্টিগামী মদিনা পরিবহন নামের একটি লোকাল বাস (যার নং- ঢাকা মেট্রো-জ-১৪-

১১১৯◌া) তাকে চাপা দেয়। এসময় বাসের চাকায় পিষ্ট হয়ে ঘটনা স্থালেই মারা যায় ফারিয়া।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, বাস চাপায় শিশু নিহতের খবর শুনে ঘটনা স্থলে পুুলিশ পাঠানো হয়েছে। বাসটিকে পুলিশ হেফাজতে নেয়া হয়েছে। পরবর্তীতে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

মুজিবনগরে মহিলা জামায়াতের ৮ নেতা কর্মী আটক, সাংগাঠনিক বই জব্দ

সরকার বিরোধী গোপন বৈঠক চলাকালীন সময়ে সাংগঠনিক বইসহ জামায়াতের ৮ নারী কর্মীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

শুক্রবার সকাল সাড়ে ১১ টার সময় মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে উপজেলার গোপালনগর গ্রামের মোশারফ মাষ্টারের বাড়িতে অভিযান চালিয়ে পুলিশ তাদের আটক করে।

আটকৃতরা হলেন- উপজেলার গোপালনগর গ্রামের মোশাররফ হোসেনের স্ত্রী রকেয়া খাতুন (৪২), শিবপুর গাজী পাড়ার হুমায়ুন কবিরের স্ত্রী শম্পা খাতুন (২৮), মোনাখালীর গ্রামের উত্তর পাড়ার ইজদানের স্ত্রী ফাতেমা খাতুন (৪০), মোনাখালী বাজার পাড়ার নয়ন মিয়ার স্ত্রী হানিফা আক্তার বিউটি (৩৪), শিবপুর মসজিদ পাড়ার চাঁদ আলীর স্ত্রী হাফিজা খাতুন (৩৮), রামনগর মধ্যপাড়ার দরুদ আলীর স্ত্রী রেজমিনা খাতুন (৪৪), শিবপুর গলাকাটা পাড়ার নজরুল ইসলাম মালীতার স্ত্রী সালেহার খাতুন (৪০) এবং বিশ্বনাথপুর বড় মসজিদ পাড়ার আনোয়ার হোসেনের স্ত্রী সুমাইয়া জান্নাতি (২৫)।

মুজিবনগর থানার ওসি জানান, সরকার বিরোধী গোপন বৈঠক করছেন এমন খবরের ভিত্তিতে সেখান অভিযান চালানো হয়। অভিযানে তাদের কাছে থেকে, ২০২৩ সালের জামায়াত ইসলামের মহিলা বিভাগের বার্ষিক

পরিকল্পনা বই, বাংলাদেশ জামায়াতে ইসলামীর সকল পর্যায়ের জনশক্তির প্রতি আমীরে জামায়াতের আহ্বান, সংগঠন পদ্ধতি, ইসলাম ও জাহেলিয়াত, পবিত্র সীরাতন্নবী (সা:) উপলক্ষে বাংলাাদেশ জামায়াত ইসলামীর আহবান, দ্বীন ইসলামের ১৫টি গুরুত্বপূর্ণ বিষয়ে সঠিক ধারণা, ইমানের হাকীকত, নামায রোজার হাকীকত, তাফহীমুল কুরআন, আদর্শ মানব মুহাম্মদ (সা:)কুরআন ও হাদীসের আলোকে রাসুল মুহাম্মদ (সা:) দ্বীন প্রতিষ্ঠায় মহিলাদের দায়িত্ব, বিষয় ভিত্তিক কোরআন ও হাদীস, ইসলামী সংগঠন, ইসলামী আন্দোলন, জামায়াত এবং জামায়াত নেতৃবৃন্দের বিরুদ্ধে ষড়যন্ত্র, ইসলামী ছাত্রী সংস্থাসহ প্রায় ৮০টি বিভিন্ন প্রকারের বই জব্দ করা হয়েছে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল আরো জানান আটক জামায়াতের নারী নেতা কর্মীরা সরকার সম্পর্কে বিদ্বেষ বিতৃষ্ণা ও মিথ্যা রটনা ছড়িয়ে নাশকতকা সৃষ্টিসহ জনগণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে আইনশৃংখলার অবনতি করার লক্ষে ২০/২৫ জন নারী সরকার বিরোধী সন্ত্রাস ও নাশকতা কার্যকলাপ করার উদ্যেশ্যে পরিকল্পনা ও মিটিং করছিল। আটকদের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে এজাহার নামীয় ৮ জন ও অজ্ঞাতনামা আরো ১২/১৫ জনকে আসামি করা হয়েছে। আটক নারী নেতা কর্মীদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণের প্রস্তুতি চলছে।

মুজিবনগরে ইভোলিউশন অফ দারিয়াপুরের আয়োজনে দিন ব্যাপি পিঠা উৎসব

মেহেরপুরের মুজিবনগরে ইভোলিউশন অফ দারিয়াপুর আয়োজনে আধুনিক এই যান্ত্রিক যুগের বাঙ্গালীদের হারিয়ে যাওয়া পিঠাপুলির ঐতিহ্য ধরে রাখা এবং বর্তমান প্রজন্মকে জানানোর উদ্দেশ্যে বাংলার ঐতিহ্যবাহী বিভিন্ন রকমের পিঠা নিয়ে দিন ব্যাপি পিঠা উৎসব অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল সাড়ে ১১ টার সময় দারিয়াপুর ফুটবল খেলার মাঠে দিন

ব্যাপি এই পিঠা উৎসব অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিন ব্যাপি এই উৎসবের উদ্বোধন করেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহাবুবুল আলম রবি। উপজেলা কৃষক লীগের সভাপতি জাহিদ হাসান রাজীব। এ সময় উপস্থিত অতিথিবৃন্দ এটা উৎসবে অংশগ্রহণকারী স্টল গুলো ঘুরে দেখেন।

এই উৎসবে বাংলা ও বাঙালির ঐতিহ্যবাহী ডিম সুন্দরী, স্বরুপীঠা, গোলাপ পিঠা, নারিকেল পুরি, ফুলঝুরি, চুই পিঠা, মাস কলাই পিঠা,সারা পিঠা,ডিমের পানতোয়া পিঠা,দুধ লাউ,পাতা পিঠা,হৃদয় হরণ পিঠা,ছানার আম পিঠা,চন্দ্র পুলি,বিবি খানা পিঠা,জামায় পিঠা,নকঁশি পিঠা,মাছ পিঠা,ম্যাড়া পিঠা,ইলিশ পিঠা,মিষ্টি পুলি,ঝাল পিঠা,সহ প্রায় ২০০ শত ধরনের পিঠা ১৪ টি ষ্টলের মাধমে উপস্থাপন করা হয়।

ইভোলিউশন অফ দারিয়াপুরের আয়োজকরা জানান বাঙালির হারিয়ে যাওয়া পিঠাপুলির ঐতিহ্য সেই ঐতিহ্যকে বর্তমান প্রজন্মের সামনে তুলে ধরার উদ্দেশ্য নিয়ে তাদের এই আয়োজন। নতুন প্রজন্মকে বাঙালির ঐতিহ্য বিভিন্ন পিঠাপুলির সম্পর্কে জানানোর জন্য প্রতিবছর তারা এই পিঠা উৎসবের আয়োজন করবে বলে জানান।

মেহেরপুরে অনলাইন জুয়ার আরেক দূর্গ গাড়াডোব

কোমরপুরের পরে মেহেরপুরে অনলাইন জুয়ার আরেক দূর্গ হিসেবে স্থান পেয়েছে গাংনী গাড়াডোব গ্রাম। যে গ্রামটিতে প্রায় অর্ধশত তরুন এ অনলাইন জুয়ার সাথে জড়িত।

গত বুধবার রাতে গাংনী গাড়াডোব গ্রামে অভিযান চালিয়ে রাসেল আহমেদ ও রাকিবুজ্জামান নামের দুই অনলাইন জুয়ার এজেন্টকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ। তাদের স্বীকারোক্তীতে এসকল তথ্য উঠে এসেছে।

গ্রেফতারকৃত রাসেল ও রাকিবুজ্জামানকে গাংনী থেকে আটক অনলাইন জুয়ার মূল হোতা সাবেক ছাত্রলীগ নেতা শিপুর বিরুদ্ধে করা মামলায় গ্রেফতার দেখিয়ে গতকাল বৃহস্পতিবার বিকালে আদালতের মাধ্যমে কারাগারে পাঠিয়েছে পুলিশ।

পুলিশ জানায়, মেহেরপুর জেলায় এক শ্রেণীর অসাধু ব্যক্তি অনলাইন জুয়া, ওয়ানএক্স বেট, মেলবেটসহ অনলাইন জুয়ার পরিচালনা করে বিকাশ/নগদ/রকেটের সেলস রিপ্রেজেনটেটিভদেও যোগসাজশে বাংলাদেশ ব্যাংকের অনুমতি ব্যতিত অবৈধ ই ট্রানজেকশন করে আসছে। গত ১৩ ফ্রেব্রুয়ারি গাংনী থেকে সাবেক ছাত্রলীগ নেতা শিপুসহ ৬জনকে আটক করার পর পুলিশ তদন্ত শুরু করে। তদন্তে শিপুর অন্যতম এজেন্ট হিসেবে গাড়াডোব গ্রামের মৃত আবুল হাশেমের ছেলে আবু রাসেলকে(২৭) ও জামিরুল ইসলামের ছেলে রাকিবুজ্জামনকে প্রমানসহ গ্রেফতার করে। তাদেও কাছে থেকে ৬টি মোবাইল সেট, একটি ল্যাপটপ ও বেশ কয়েকটি সিম জব্দ করা হয়।

আবু রাসেল পুলিশের কাছে স্বীকারোক্তীতে জানায়, সাবেক ছাত্রলীগ নেতা শিপুর সহযোগী এজেন্ট ও পার্টনার হিসেবে কাজ করেন তিনি। বর্তমানে অনলাইন জুয়ার জনপ্রিয় সাইট ওয়ানএক্স বেট ও মেলবেট এ পুলিশের নজরদারি বেড়ে যাওয়ায় শিপুর সহযোগীতায় ওয়ানবেটপ্রো নামের নতুন একটি জুয়া সাইট কার্যক্রম করে আসছিলো। রাসেল আরো জানায়, নগদ/বিকাশে মাসিক ৩০/৪০ লক্ষ টাকা লেনদেন স্বাভাবিক হওয়ায় তারা প্রকাশে স্বাভাবিক ভাবে ওয়ানবেট প্রো ওয়েবসাইট পরিচালনা করে আসছিলো এবং গাংনী এলাকায় যতগুলো অনলাইন জুয়ার এজেন্ট পরিচালিত হয় তার মূল পরিচালনাকারী হলো সাহিদুজ্জামান শিপু। তার মত আরো যারা শিপুর এজেন্ট হিসেবে কাজ করে তাদের নাম ও পরিচয়ও স্বীকারোক্তীতে উল্লেখ করেছেন আবু রাসেল। তারা হলেন- গাড়াডোব গ্রামের আনারুলের ছেলে হারুন, আমিরের ছেলে দোস্ত মোহাম্মদ দুদু, একই গ্রামের নওশাদ, আবুল হাশেমের ছেলে রাজন, রাজ্জাকের ছেলে সাজু, ময়নালের ছেলে তুলিপ, মনুর ছেলে তামিম, তাহাজদ্দিনের ছেলে রিকন, আলমগীরের ছেলে আশিক, বাবলুর ছেলে নাসিরুল, হালিমের ছেলে রিপন, একই গ্রামের ফয়সাল, রবিউল ইসলামের ছেলে তাহারুল, ।

ডিবির ওসি সাইফুল আলম জানান, মেহেরপুর পুলিশ সুপার স্যারের নির্দেশে অনলাইন জুয়া মুক্ত করতে পুলিশের এ অভিযান অব্যহত রয়েছে। বাকিদের গ্রেফতারে অভিযান চলবে।

প্রসঙ্গত, গত ১৩ ফেব্রুয়ারি রাতে গাংনী শহরের উত্তরপাড়ায় সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান শিপুর কার্যালয়ে অভিযান চালিয়ে শিপুসহ অনলাইন জুয়ার ৬ এজেন্টকে গ্রেফতার করে পুলিশ। পরদিন গাংনী থানায় ডিজিটাল নিরাপত্তা আইনে তাদের বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয়। যে মামলায় শিপুসহ ওই ৬জন কারাগারে রয়েছেন।

এদিকে, মেহেরপুরে অনলাইন জুয়ার দূর্গে একের পর এক হানা দিয়ে পুলিশ প্রায় অর্ধশত এজেন্টকে গ্রেফতার করেছে। পুলিশের এ অভিযান ও নজরদারী অব্যহত থাকায় জেলার অনলাইন জুয়াড়ীরা গা ঢাকা দিয়েছে। তারা বিচ্ছিন্নভাবে অনলাইন জুয়ার কার্যক্রম পরিচালনা করে আসছে বলে জানা গেছে।

এ সংক্রান্ত আরো খবর

গাংনীতে অনলাইন জুয়ার সম্পৃক্ততায় ছাত্রলীগ নেতা শিপুসহ ৬জন আটক

মেহেরপুরে অনলাইন জুয়ার দূর্গে হানা

মেহেরপুরে জাসাসের ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরে বাংলাদেশ জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস) এর ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার জেলা বিএনপির কার্যালয়ে দলটির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জাসাসের মেহেরপুর জেলা কমিটির আহবায়ক মাহফুজুর রহমান অশেষের সভাপতি প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা এনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। বক্তব্য দেন পৌর বিএনপির সভাপতি

জাহাঙ্গীর বিশ্বাস গাংনী উপজেলা জাসাসের সভাপতি সাইফুল ইসলাম সেলিম, গাংনী পৌর সভাপতি সোহরাভ হোসেন, সাধারণ সম্পাদক সুলেরী আলভি, মুজিবনগর উপজেলা জাসাসের সভাপতি জুলফিকার খান হেলাল প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন মেহেরপুর জেলা জাসাসের সদস্য সচিব এ বাকাবিল্লাহ।